দৈনিক বাংলা

তারিখ ... 01 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

# বিদেশী বইপত্রের অবাধ আমদানি নিয়ন্ত্রণ করা হবে

।। স্টাফ রিপোর্টার ।।

সরকার বিদেশ থেকে অপ্রয়োজনীয় ও অবাঞ্ছিত পুস্তকের অবাধ আমদানি নিয়ন্ত্রণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

গতকাল আমদানী নীতি ঘোষণা-কালে বাণিজ্যমন্ত্রী এম কেরামত আলী এ তথ্য জানিয়ে বলেন, দেশীয় প্রকাশনা ও গ্রন্থনা শিল্প সংরক্ষণ এবং আমাদের নিজস্ব ঐতিহ্য ও

(শেষ পৃঃ ৮-এর•কঃ দ্রঃ)

## বিদেশী বইপত্রের

(প্রথম পৃষ্ঠার পর)

সংস্কৃতির স্বার্থে সরকার এ সিদ্ধান্ত নিয়েছেন।

মন্ত্রী বলেন, বর্তমানে ওয়েজ আর্নারস স্কীমের অধীনে অবাধ আমদানীর সুযোগ থাকায় বিদেশ থেকে প্রচুর বাল্যশিক্ষা, শিশু সাহিত্য, অবাঞ্ছিত ও নিম্নমানের সাময়িকী ও অন্যান্য বই-পুস্তক আমদানী হচ্ছে, যার পরিণতিতে আমাদের দেশীয় প্রকাশনা শিল্প ও গ্রন্থ রচনার প্রয়াস ব্যাহত হচ্ছে এবং আমাদের নিজস্ব সংস্কৃতি ও মূল্য-বোধের ওপর আঘাত আসছে। বিভিন্ন সময়ে পত্র-পত্রিকা, পুস্তক প্রকাশক, বিক্রেতা ও পাঠকবৃন্দ এর প্রতিবাদ জানিয়েছে।

বিদেশী পুস্তক, সাময়িকী, পত্রিকার অবাধ আমদানী নিয়ন্ত্রণের বিস্তারিত পদ্ধতি পরে নির্ধারণ করা হবে বলে মন্ত্রী উল্লেখ করেন।

13